



মাদরাসা পরিদর্শন দফতর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

www.iau.edu.bd iauins13@gmail.com

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।



স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৯/ ৮০০৯

তারিখ : ০৯ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ
২৩ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ


অফিস আদেশ

দর্গাপাড়া ফাজিল মাদরাসা, ডাকঘর : হাবড়া, উপজেলা : পার্বতীপুর, জেলা : দিনাজপুর এর ফাজিল (স্নাতক) স্তর অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের আবেদনের প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় অনুসৃত অর্ডিন্যান্সের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) স্তর নিম্নবর্ণিত শর্তে ২৭.০৪.২০১৯ খ্রিঃ তারিখ থেকে ২৭.০৪.২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো।

শর্তসমূহ :

১. শ্রেণি কক্ষে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি ও উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং পরীক্ষায় শিক্ষার্থীর সন্তোষজনক সিজিপিএ অর্জনে পড়ালেখার গুণগতমান বাড়াতে হবে।
২. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট নিয়মিত ডিজিট করতে হবে এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় সহ সংশ্লিষ্ট দফতরের নোটিশগুলো মাদরাসা নোটিশ বোর্ডে প্রদর্শন করতে হবে।
৩. শ্রেণি কক্ষে মূল কিতাব/বইয়ের ব্যবহার নিশ্চিত করতে হবে, গাইড বইয়ের ব্যবহার নিষিদ্ধ ও শ্রেণি কক্ষে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় সম্পর্কে শিক্ষার্থীদের ধারণা প্রদান করতে হবে।
৪. লাইব্রেরী পরিষ্কার পরিচ্ছন্ন করে বাংলাদেশ স্বধীনতা ও মুক্তিযুদ্ধ ভিত্তিক বই, মাদরাসা শিক্ষক কর্তৃক জার্নাল প্রকাশ এবং রেফারেন্স বইসহ আরো যুগোপযোগী বই দিয়ে সমৃদ্ধ করে শিক্ষক ও শিক্ষার্থীদের নিয়মিত ব্যবহার নিশ্চিত করতে হবে।
৫. শিক্ষক ছুটি রেজিষ্টার তৈরি করে সকল শিক্ষকগণের ছুটির অনুমোদন ও সংরক্ষণ করতে হবে।
৬. মাদরাসার প্যাডে ও সাইন বোর্ডে বাংলা নামের সাথে আরবিতে এবং “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়” অধিভুক্ত কথাটি লিখতে হবে এবং সীমানাপ্রাচীর নির্মাণ করতে হবে।
৭. শিক্ষার্থীদের আইসিটি ক্লাস এবং আরবি ভাষার দক্ষতা অর্জনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৮. সকল আর্থিক লেনদেন ব্যাংকের মাধ্যমে সম্পন্ন করতে হবে ও নিয়মিত ক্যাশবই হালনাগাদ রাখতে হবে এং অভ্যন্তরীণ ক্রয় কমিটি গঠন করে ক্রয় করতে হবে।
৯. কমিটি গঠন করে ক্লাস পর্যবেক্ষণ ও রিপোর্ট সংরক্ষণ করতে হবে।
১০. মাদরাসার অফিস সহকারী কে তার দাপ্তরিক কাজের জন্য তৎপর হতে হবে।
১১. শিক্ষা সহায়ক কার্যক্রম যেমন-সাংস্কৃতিক প্রতিযোগিতা, বিতর্ক, খেলাধুলা অনুষ্ঠানের নিয়মিত আয়োজন করতে হবে।
১২. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে নবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে


১৩.০১.২০২০
(ড. জাভেদ আহমাদ)

অধ্যক্ষ,

দর্গাপাড়া ফাজিল মাদরাসা,
ডাকঘর : হাবড়া, উপজেলা : পার্বতীপুর, জেলা : দিনাজপুর।


সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মাদরাসা পরিদর্শন দফতর
মোবাইল : ০১৭১৪-২০২০৬৬

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৯/ ৮০০৯

তারিখ : ০৯ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ
২৩ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইকটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. উপাচার্য মহোদয়ের একান্ত সচিব (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, দর্গাপাড়া ফাজিল মাদরাসা, ডাকঘর : হাবড়া, উপজেলা : পার্বতীপুর, জেলা : দিনাজপুর।


১৩.০১.২০২০
(মোঃ আবদুল হান্নান)

সেকশন অফিসার
মাদরাসা পরিদর্শন দফতর
মোবাইল : ০১৮৪২-৮১৬৯২০